

হারিয়ে গেল বানর ছানার মা


ফাল্গুনী তানিয়া



প্রচ্ছদ ও অলংকরণ
মোমিন উদ্দীন খালেদ




বাংলাপ্রকাশ
BANGLAPRAKASH



উৎসর্গ

খালেদ হোসাইন

শিশুদের সরলতা নিয়ে
যিনি রাষ্ট্রের অসঙ্গতির কথা
বলতে পারেন তাঁর ছড়াতে



আমি আমার মাকে খুঁজে পাচ্ছি না।



‘ছোট্ট বানর ছানা,
তুমি আর কেঁদো না।
আমি তোমার মাকে খুঁজে পেতে সাহায্য করব। এখন তুমি একটু চিন্তা
করে বলো তো সে কত বড়ো?’ প্রজাপতি বলল।
‘আমার মা বড়ো। আমার চেয়ে অনেক বড়ো।’
‘তোমার চেয়ে অনেক বড়ো? তাহলে আমি তোমার মাকে দেখেছি।
এসো এসো, আমার সঙ্গে এসো।’